

শায়েস্তাগঞ্জ উপজেলা পরিষদের যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক কমিটির জুলাই-আগস্ট/২৩
সভার কার্যবিবরণীঃ

তারিখ : ১০/০৭/২৩ ইং।

সময় : ১২.৩০ মিনিট।

সভার স্থানঃ সভাপতির অফিস কক্ষ, উপজেলা পরিষদ, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।

সভাপতি : মোহাম্মদ গাজীউর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।

সভায় উপস্থিত সদস্য বৃন্দের স্বাক্ষরের ক্রমানুসারে নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সদস্য বৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন পরিবর্তন বা সংশোধনী না থাকায় দৃষ্টীকরণ করা হয়। অতঃপর সভাপতি অত্র কমিটির সদস্য সচিব কে সভার বিষয় বস্তু সম্পর্কে আলোচনার জন্য অনুরোধ জানান। উপজেলা প্রকৌশলী সভায় বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করেন। যা নিম্নে বিস্তারিত উল্লেখ করা হলো।

০১। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা :

উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ সভায় জানান যে, অত্র উপজেলায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়নমূলক কাজ চলমান আছে। পরে সভাপতি মহোদয় চলমান কাজ সম্পর্কে খোঁজ খবর নেন ও সন্তোষ প্রকাশ করেন এবং চলমান উন্নয়নমূলক কাজ গুলো সফলতার সাথে সম্পাদনের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আর্কষণ করেন।


০২। ইউজিডিপি প্রকল্পে অবকাঠামোগত উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা প্রেরণ :

উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ সভায় জানান যে, উপজেলা পরিষদ থেকে ইউজিডিপি প্রকল্পের জন্য অবকাঠামোগত উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা প্রেরণের জন্য চিঠি দেওয়া হয়েছে। তদুপেক্ষিতে ০১ টি উপপ্রকল্প যথা- “শায়েস্তাগঞ্জ উপজেলা পরিষদের আওতায় তিনটি ইউনিয়নের রাস্তার ধারে সোলার স্ট্রিট লাইট স্থাপন” নামক উপপ্রকল্প প্রনয়ন করে উপজেলায় পাঠানো যেতে পারে। পরে সভাপতি মহোদয় বলেন, প্রকল্পটি বাস্তবায়িত হলে উপজেলার ০৩ টি ইউনিয়নের গুরুত্বপূর্ণ রাস্তা আলোয় আলোকিত হবে। সংশ্লিষ্ট এলাকার লোকজন নির্বিঘ্নে চলাচল করতে পারবে এবং সেই সাথে উক্ত এলাকায় চুরি ও ছিনতাইয়ের হার কমবে এবং এ বিষয়ে উপস্থিত সকলে একমত পোষন করেন।

সিদ্ধান্ত : সভায় উপরি উক্ত অবকাঠামোগত উন্নয়ন উপপ্রকল্প বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং উপপ্রকল্প প্রনয়ন করে উপজেলায় ইউজিডিপি প্রকল্পের কর্মকর্তাকে পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। বিবিধ :

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২০/০৭/২৩ ইং
(মোহাম্মদ গাজীউর রহমান)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক কমিটি
শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ